গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।

বিষয়ঃ পুন:গঠিত ''মেরিটাইম এ্যাডভাইজরী কমিটি'' এর ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব এ.কে.এম শামিমুল হক ছিদ্দিকী অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ	:	২১-০৩-২০২২খ্রিঃ।
সময়	:	বিকাল- ২.০০ ঘটিকা।
সভার স্থান:		নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট ক-তে দেখানো হলো।

সভাপতি মেরিটাইম এ্যাডভাইজরী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে উপস্থিত সকলকে পরিচয় দেওয়ার জন্য সভাপতি অনুরোধ করেন। পরিচয় শেষে কমিটির সদস্য সচিব ও পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রামকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত
০১।	MLC-২০০৬ এর রেগুলেশন অনুযায়ী নাবিকদের বেতনভাতা, ক্ষতিপুরণ ও স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সিবিএ (Collective Bargaining Agreement) সংক্রান্ত আলোচনা।	সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম উল্লেখ করেন যে, MLC-2006-এর রেগুলেশন ২.১ অনুযায়ী জাহাজে নাবিক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নাবিক এবং জাহাজ মালিক/জাহাজ মালিকের প্রতিনিধি কর্তৃক Seafarers Employment Agreement (SEA) স্বাক্ষর করতে হয়। Regulation 2.1 এর clause ৩ অনুযায়ী Collective Bargaining Agreement SEA-তে অন্তর্ভূক্ত থাকতে হবে। Regulation ১.৪ অনুযায়ী Collective Bargaining Agreement (CBA) Seafarers Employment Agreement (SEA) এর অংশ হিসাবে পরিগনিত হবে। Regulation ২.১ এর Standard A 2.1 এর clause ২ অনুযায়ী CBA হলে তা জাহাজে থাকবে এবং clause ২ (ন) অনুযায়ী CBA port state inspection এর আওতায় Regulation ৫.২ অনুযায়ী inspection হবে। লক্ষণীয় যে, কোন কোন জাহাজ মালিক/নাবিক রিক্রুটিং এজেন্টগণ CBA করে না বা CBA করা হলেও CBA মূলে নাবিকদের জন্য নূন্যতম বেতন ভাতা, ক্ষতিপুরণ ও নাবিকদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি CBA নির্ধারিত অংক/হার/মান এর চেয়ে কম নির্ধারণ পূর্বক সংশ্লিষ্ট নাবিকের সাথে SEA স্বাক্ষর করেন এবং তদানুযায়ী সরকারি সমুদ্র পরিবহন অফিসে Article of Agreement স্বাক্ষর করে জাহাজে নাবিক নিয়োগ করে থাকেন । ফলে একদিকে যেমন সরকার কর্তৃক অনুসমর্থিত MLC-২০০৬ এর সংশ্লিষ্ট Regulation লংঘন হয় অন্যদিকে তেমনি সংশ্লিষ্ট নাবিক তাদের অধিকার থেকে বঞ্চিত হয় । বর্নিত প্রেক্ষাপটে নাবিক নিয়োগকারী সকল জাহাজ মালিক/নাবিক রিক্রুটিং এজেন্ট যাতে MLC-২০০৬ এর বিধান অনুযায়ী Collective Bargaining Agreement (CBA) স্বাক্ষর করে এবং CBA মূলে নাবিকদের জন্য নির্ধারিত বেতনভাতা ও অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি বজায় রেখে SEA স্বাক্ষর করেন এবং সে মোতাবেক সরকারি সমুদ্র পরিবহন অফিসে Article of Agreement স্বাক্ষরিত হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রয়োজন। হক এন্ড সন্স এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এমদাদুল হক চৌধুরী বলেন যে, SEA এর সাথে CBA থাকতে হবে। তবে তা যেকোন নাবিক ইউনিয়ন এর সাথে জাহাজ মালিক/প্রতিনিধির সম্পাদিত CBA হতে পারে। নাবিক রিক্রুটিং এজেন্ট এসোসিয়েশন এর প্রতিনিধি বলেন যে, SEA থাকাটা বাধ্যতামূলক তবে CBA থাকা বাধ্যতামূলক নয়।	(ক) MLC-২০০৬ -এর রেগুলেশন অনুযায়ী সকল জাহাজ মালিক/প্রতিনিধিকে CBA করণের অনুরোধ করা হয়। সকল জাহাজ মালিক/প্রতিনিধিকে SEA করতে হবে এবং এতে সকল আর্টিকেল অন্তর্ভূক্ত থাকবে। (খ) MLC-২০০৬ -এর রেগুলেশন ILO এর সুপারিশ অনুযায়ী SEA এর শর্তাবলী নির্ধারণকল্পে নৌবাণিজ্য দপ্তর এর প্রিন্সিপাল অফিসারকে সভাপতি, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর পরিচালক-কে সদস্য সচিব এবং বিএসসি প্রতিনিধি, বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন এর প্রতিনিধি, বাংলাদেশ সীম্যারার্স ইউনিয়ন ও বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশন এর প্রতিনিধি, নাবিক রিক্রুটিং এজেন্ট এসোসিয়েশন এর প্রতিনিধি, বাংলাদেশ জাহাজ মালিক সমিতি এর প্রতিনিধি, হক এন্ড সন্স লিঃ এর প্রতিনিধি এবং শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিসকে সদস্য করে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা # ০২"

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত
		বিএসসি এর প্রতিনিধি ক্যাপ্টেন আবু সুফিয়ান উল্লেখ করেন যে, SEA এর সাথে CBA থাকলে ভাল। তবে নাবিকদের স্বার্থ সংশ্লিষ্ট সকল শর্তাদি SEA তে উল্লেখ থাকলে CBA না থাকলেও চলে। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন এর সাধারন সম্পাদক ক্যাপ্টেন মোঃ সাখাওয়াত হোসেন বলেন যে, SEA থাকতে হবে এবং CBA থাকতে হবে। CBA-এর শর্তাদি SEA তে প্রতিফলিত হতে হবে। বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতির প্রতিনিধি ক্যাপ্টেন আনোয়ারুল হক উল্লেখ করেন যে, SEA এর সাথে CBA না থাকলে ফ্লাগ স্টেট ইনসপেকশনে জটিলতা সৃষ্টি হবে। বাংলাদেশ সীফ্যারার্স ইউনিয়নের সভাপতি জনাব সৈয়দ মোঃ আরিফ হোসেন উল্লেখ করেন যে, বাংলাদেশ সীফ্যারার্স ইউনিয়ন বৈধ CBA ইউনিয়ন। সীফ্যারার্স ইউনিয়ন জাহাজ মালিক/প্রতিনিধিদের সাথে এযাবত ২৫টির অধিক CBA স্বাক্ষর করেছে। অন্যান্য জাহাজ মালিক/প্রতিনিধিগন যাতে CBA করেন এবং CBA তে বর্ণিত নাবিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি যাতে SEA তে উল্লেখ থাকে সে বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (জাহাজ ও আইও), জনাব এ.টি.এম মোনেমুল হক বলেন যে, MLC-২০০৬ অনুযায়ী CBA থাকা উত্তম। CBA না থাকলে SEA-এর শর্তাবলী MLC-২০০৬ এর রেগুলেশন অনুযায়ী নির্ধারিত হতে হবে। নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের উপপরিচালক জনাব জসিম উদ্দিন পাটোয়ারী উল্লেখ করেন যে, MLC-২০০৬ এর Regulation 2.1 Standard A ২.১ এর clause ১(ধ)(প) অনুযায়ী SEA থাকতে হবে এবং Regulation 2.1 এর clause ৩ অনুযায়ী CBA থাকা প্রয়োজন। Regulation ১.৪ এর Standard ১.৪ Clause ৩(ধ) এবং Clause ৫(প)(III) অনুযায়ী CBA হলে SEA এর অংশ হিসেবে অন্তর্ভূক্ত হবে। তবে CBA যে কোন রেজিষ্ট্রাড নাবিক ইউনিয়ন ও জাহাজ মালিক/প্রতিনিধির সাথে হতে পারে। বিদেশী জাহাজে নাবিক সরবরাহের ক্ষেত্রে সংশ্লিষ্ট পতাকাবাহী দেশের CBA, SEA এর অংশ হতে পারে। হক এন্ড সন্স এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ এমদাদুল হক চৌধুরী উক্ত বক্তব্যের সাথে একমত পোষণ করেন। সভাপতি মন্তব্য করেন যে, নাবিকদের নূন্যতম বেতন-ভাতাদি ও অন্যান্য শর্তাবলী নির্ধারণের জন্য SEA ও CBA এর প্রয়োজন রয়েছে। তিনি জাহাজ মালিক/প্রতিনিধিদেরকে CBA করার অনুরোধ করেন। এছাড়া আবশ্যিকভাবে SEA করার পাশাপাশি SEA এর শর্তাবলী নির্ধারণের জন্য একটি কমিটি গঠনের বিষয়ে গুরুত্বারোপ করেন।	
০২।	সীম্যান রিক্রুটমেন্ট পদ্ধতি (নবীন নাবিক) উন্নয়ন বিষয়ে আলোচনা।	সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম উল্লেখ করেন যে, প্রশিক্ষণার্থী নবীন নাবিক নির্বাচন সর্বশেষ নীতিমালা অনুযায়ী বর্তমানে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট এর অধ্যক্ষ, নৌপরিবহন অধিদপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয় এবং মেরিন একাডেমি এর সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক প্রশিক্ষণার্থী নাবিক নির্বাচিত হয়ে থাকে। পূর্বে প্রশিক্ষণার্থী নাবিক নির্বাচনের ক্ষেত্রে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর পরিচালক, শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস, জাহাজ মালিক সমিতির প্রতিনিধি এবং নাবিক ইউনিয়নের প্রতিনিধি উক্ত নবীন নাবিক নির্বাচন কমিটির সদস্য ছিল। নাবিক সন্তানদের জন্য ২০% কোটা ছিল। ১৯৯০ইং সনের দিকে এ বিষয়ে ২টি নির্বাচনী বোর্ড গঠন করা হয়েছিল। ০১টিতে সভাপতি ছিলেন পরিচালক, অপরটিতে সভাপতি ছিলেন অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট। যেহেতু নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর নাবিকদের সার্বিক কল্যাণে নিয়োজিত সেহেতু প্রশিক্ষণার্থী নাবিক নির্বাচন কমিটিতে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের প্রতিনিধিত্বসহ পূর্বের ন্যায় নাবিক নির্বাচন কমিটি পুনঃগঠন করা যেতে পারে এবং এতদসংক্রান্ত নীতিমালা জারীর ব্যবস্থা গ্রহন করা যেতে পারে । শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস উল্লেখ করেন যে, এ বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর হতে খসড়া নীতিমালা তৈরী করে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	সীম্যান রিক্রুটমেন্ট পদ্ধতি উন্নয়নের বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ে কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা # ০৩

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত
০৩।	জাহাজে নাবিক নিয়োগের ক্ষেত্রে নাবিক নিয়োগ বিধিমালা-২০০১ এর প্রয়োগ সংক্রান্ত আলোচনা।	সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বলেন যে, সমুদ্রগামী জাহাজে নাবিক নিয়োগকল্পে নাবিকদের রোস্টার, জাহাজে নাবিক নিয়োগ ইত্যাদি বিষয়ে ২০০১ সনে বাংলাদেশ সমুদ্র পরিবহন নাবিক নিয়োগ বিধিমালা জারী করা হয়। নাবিক নিয়োগ বিধিমালা এর বিধি ১৫(৪) অনুযায়ী বছরে একবার সংশ্লিষ্ট নাবিক অথবা কোম্পানী রোস্টার পরিচালনাকারীর অনুরোধক্রমে উক্ত নাবিকের রোস্টার পরিবর্তনের বিধান রয়েছে। বিভিন্ন সময়ে নাবিকের আবেদন দৃষ্টে প্রতিয়মান যে, কোন নাবিক কর্তৃক রোস্টার পরিবর্তনের জন্য আবেদন করলে তা অনুমোদন প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয়। ফলে নাবিকগণ Freedom of choice'' থেকে বঞ্চিত হয়। অধিকন্তু একই বিধিমালার বিধি ১৭ অনুযায়ী জাহাজ মালিকগণ নাবিক নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ১০দিন পূর্বে তাদের প্রয়োজনীয় চাহিদা পত্র এবং প্রার্থী নির্বাচনের তারিখ জানিয়ে শিপিং মাস্টার বরাবরে চাহিদাপত্র প্রেরণের এবং শিপিং মাস্টার কর্তৃক নাবিকদের নিকট রেজিস্টার্ড ডাকযোগে কলকার্ড প্রেরণের বিধিগত প্রয়োজনীয়তা রয়েছে। বাস্তব ক্ষেত্রে লক্ষণীয় যে, বর্তমান সময়ে নাবিক নিয়োগে ইচ্ছুক জাহাজ মালিক/ম্যানিং এজেন্টগণ ১০দিন পূর্বে শিপিং অফিস বরাবরে চাহিদাপত্র প্রেরণ করেন না এবং শিপিং অফিস থেকে সংশ্লিষ্ট নাবিকদের নিকট কলকার্ড জারী করে তাদেরকে মাষ্টারে হাজির হওয়ার নির্দেশ প্রদান সম্ভব হয় না। অনেক ক্ষেত্রেই স্বল্প সময়ের নোটিশে নাবিক নিয়োগ করা হয় বিধায় ক্রম তালিকায় সিনিয়র নাবিকগণ নিয়োগ থেকে বঞ্চিত হন। আলোচ্য প্রেক্ষাপটে বর্ণিত বিধি প্রয়োগের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারীর ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। এ প্রসংগে নাবিক রিক্রুটিং এজেন্ট প্রতিনিধি ক্যাপ্টেন সাঈদ ইমাম হোসেন বলেন যে, বর্তমান সময়ে ১০ দিন পূর্বে নোটিশ দেয়ার সুযোগ হয় না। বিদেশী জাহাজ মালিক স্বল্পসময়ের মধ্যে জাহাজে নাবিক সরবরাহের তাগিদ দিয়ে থাকেন। একই প্রতিষ্ঠানের সাধারণ সম্পাদক জনাব আব্দুল গাফফার উল্লেখ করেন যে, ১ (এক) বৎসরের মধ্যে নাবিকদের রোস্টার পরিবর্তন হলে সেক্ষেত্রে কোম্পানীকে অভিজ্ঞ লোক প্রাপ্তির সংকটে ভুগতে হয়। হক এন্ড সন্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এমদাদুল হক চৌধরী উল্লেখ করেন যে, বিধি মোতাবেক একজন নাবিক রোস্টার পরিবর্তন করতে চাইলে সেক্ষেত্রে দীর্ঘসূত্রিতার সুযোগ নাই। এতে সংশ্লিষ্ট নাবিক তার ''Freedom of choice'' থেকে বঞ্চিত হয়। নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (জাহাজ ও আইও), জনাব এ.টি.এম মোনেমুল হক উল্লেখ করেন যে, যেখানে বলবৎ বিধিমালা রয়েছে সেক্ষেত্রে বিধির বাহিরে কোন কাজ করার সুযোগ নাই। সভাপতি উল্লেখ করেন যে, আলোচ্য সমস্যাগুলো সমাধানকল্পে সংশ্লিষ্ট বিধি সংশোধন প্রয়োজন। বিধি সংশোধনের পূর্ব পর্যন্ত আলোচ্য বিধির বিধানগুলো প্রতিপালন করতে হবে। তবে জরুরী প্রয়োজনে নাবিক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ কর্তৃক জরুরী নিয়োগের বিষয়টি তাদের ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন।	(ক) নাবিক নিয়োগের ক্ষেত্রেও 'নাবিক নিয়োগ বিধিমালা - ২০০১' এর সংশ্লিষ্ট বিধি অনুসরন করতে হবে। তবে জরুরী নাবিক নিয়োগের ক্ষেত্রে চাহিদাপত্র সংশ্লিষ্ট নাবিক নিয়োগকারী প্রতিষ্ঠান এবং সরকারি সমুদ্র পরিবহন এর ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। (খ) নাবিকদের রোস্টার পরিবর্তনের ক্ষেত্রে ''নাবিক নিয়োগ বিধিমালা-২০০১'' যথাযথ ভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুসরন করবে।

অত:পর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১/০৫/২০২২

(এ.কে.এম শামিমুল হক ছিদ্দিকী)
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
ও
সভাপতি, মেরিটাইম এ্যাডভাইজরী কমিটি।

নং- ১৮.২৭.১৫০০.২০০.০৬.০০৭.১৯.১৬১

তারিখঃ ০৪-০৪-২০২২খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে :

১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (জাহাজ)]
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। এ.টি.এম মোনেমুল হক, যুগ্মসচিব (জাহাজ ও আইও), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক (উপসচিব), নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৫। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম।

চলমান পাতা # ০৪

৬। উপপরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৭। শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগাম।
৮। ক্যাপ্টেন আবু সুফিয়ান, জেনারেল ম্যানেজার (এসপিডি),বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৯। জনাব এমদাদুল হক চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, হক এন্ড সন্স লিঃ, রুমানা টাওয়ার, গোসাইল ডাঙ্গা, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১০। ক্যাপ্টেন সৈয়দ ইমাম হোসেন, বাংলাদেশ নাবিক রিক্রুটিং এজেন্ট এসোসিয়েশন, বেপারীপাড়া, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১১। জনাব মোঃ আব্দুল গাফফার, সাধারণ সম্পাদক, বাংলাদেশ নাবিক রিক্রুটিং এজেন্ট এসোসিয়েশন, বেপারীপাড়া, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১২। ক্যাপ্টেন মোঃ আনোয়ারুল, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি, বাড়ি নং-১১/বি, রোড নং-৩০, ব্লক-সি, ডব্লিউ,এস, গুলশান, ঢাকা।
১৩। জনাব মোঃ সাকওয়াত হোসেন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফির্সাস এসোসিয়েশন, বারিক বিল্ডিং, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৪। জনাব সৈয়দ মোঃ আরিফ হোসেন, সভাপতি, বাংলাদেশ সীফ্যারার্স ইউনিয়ন, লাকীপ্লাজা, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৫। জনাব এস.এম শফিকুর রহমান, সভাপতি, বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশন, নুর চেম্বার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪/৪/২০২২

(সুমন বড়ুয়া)
পরিচালক (উপসচিব)
নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম
ও
সদস্য সচিব, মেরিটাইম এ্যাডভাইজরী কমিটি।
ফোন: ০২৩৩৩৩২৪৮৫৪, ০২৩৩৩৩২৩৮৩২
ইমেইল: dswctg@gmail.com

নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রামে অদ্য ২১-০৩-২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ''মেরিটাইম এ্যাডভাইজরী কমিটির ১ম সভায় উপস্থিত কমিটির সদস্যগণের হাজিরা তালিকা

ক্রঃ নং	নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম	মোবাইল নং ও ইমেইল	স্বাক্ষর
০১.	এ.কে.এম শামিমুল হক ছিদ্দিকী অতিরিক্ত সচিব (সংস্থা-১)	নৌপরিবহন মন্ত্রণালয়		
০২.	এ.টি.এম. মোনেমুল হক যুগ্মসচিব	নৌপরিবহন মন্ত্রণালয়	01722972888 mascot@gmail.com	21/3/2022
০৩.	Capt. Giashuddin Ahmed Principal Officer	MMO	01716-099003 Poa.mmd.gov.bd	21-3-22
০৪.	[illegible] উপ-পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর	নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর	01711263467	21/3/22
০৫.	সৈয়দ মো: আরিফ হোসেন সভাপতি	বাংলাদেশ সীফ্যারাস ইউনিয়ন	01762221494	21/3/22
০৬.	Emdadul H. Chowdhury	Haque & Sons Ltd Managing Director	01711720919	21-March-22
০৭.	Md Shakawat Hossain	Bangladesh Merchant Marine Officer's Association	01733938962	21-03-22
০৮.	Capt. Syed Imam Hossain	BSMAA	01711120031	21-03-2022
০৯.	Md Abdul Jaffar G.S	BSMAA	01711-380599	[illegible]
১০.	Shafiqur Rahman Prasi Sent	[illegible]	01718220054	[illegible]
১১.	Capt. Abu Sufian	BSC-GM-SPD.	01818402121.	[illegible]
১২.	Md. Zakir Hossain Chowdhury	GSO	01817205712	[illegible]
১৩.	Capt. Md. Anwarul Haque	BOGSOA / BRSML	01713-187279	[illegible]
	সুমন বড়ুয়া পরিচালক (উপসচিব)	নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ [illegible]	01819611112	[illegible] 21/3/22